01 SEP 2016

দৈনিক
# ইত্তেফাক

তারিখ ... AUG ...
পৃঃ ৩৬ ... কলাম ... ৬ ...

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ: ৩১ আগস্ট, ২০১৬

*শিক্ষাবর্ষ : ২০১৬-২০১৭*

**website: www.cu.ac.bd**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) বি.এ/বি.এড/বি.এসসি/বি.ফার্ম/বি.এস.এস/এলএল.বি/বি.এসসি ইঞ্জিনিয়ারিং কোর্স এবং বিবিএ প্রোগ্রামে ভর্তির জন্য নিম্নোক্ত যোগ্যতাসম্পন্ন ছাত্র/ছাত্রীদের কাছ থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদন শুধুমাত্র টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে গ্রহণ করা হবে। ইউনিট প্রতি আবেদন ফি ৪৭৫/- (চারশত পঁচাত্তর) টাকা মাত্র (সার্ভিস চার্জ প্রযোজ্য)।

*আবেদন গ্রহণের তারিখ: ০১ সেপ্টেম্বর, ২০১৬ থেকে ২৫ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত (দিন রাত যে কোন সময় আবেদন করা যাবে)।*

*ভর্তির সাধারণ যোগ্যতা : যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের অধীনে ২০১২ থেকে ২০১৪ সালের মধ্যে মাধ্যমিক বা সমমান পরীক্ষা এবং ২০১৫ বা ২০১৬ সালের উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং যাদের নিম্নেবর্ণিত যোগ্যতা ও ভর্তি নির্দেশিকায় উল্লিখিত ভর্তির যোগ্যতা আছে তারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।*

*বিজ্ঞান অনুষদ* **(A Unit)**, *ব্যবসায় প্রশাসন অনুষদ* **(C Unit)**, *আইন অনুষদ* **(E Unit)**, *জীব বিজ্ঞান অনুষদ* **(F Unit)** *ও ইঞ্জিনিয়ারিং অনুষদের* **(G Unit)** অন্তর্গত বিভাগসমূহে এবং *ইনস্টিটিউট অব মেরিন সায়েন্সেস অ্যান্ড ফিশারিজ* **(I Unit)** *ও ইনস্টিটিউট অব ফরেস্ট্রি এন্ড এনভায়রণমেন্টাল সায়েন্সেস* **(J Unit)** এর অন্তর্গত বিষয়সমূহে ভর্তিচ্ছুদের মাধ্যমিক বা সমমান এবং উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৭.০০ থাকতে হবে ; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ পেতে হবে।

*কলা ও মানববিদ্যা অনুষদ* **(B Unit)** *এর* **B1** ইউনিটের অন্তর্গত বিভাগ/ইনস্টিটিউটে এবং উচ্চ মাধ্যমিক মানবিক শাখা থেকে উত্তীর্ণ **B7H** *ইনস্টিটিউট অব এডুকেশন, রিচার্স এন্ড ট্রেনিং (আইইআরটি)* এ ভর্তিচ্ছুদের মাধ্যমিক বা সমমান এবং উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৫.৭৫ থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৭৫ এবং উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫০ পেতে হবে।

**B2** *আরবি, ইসলামিক স্টাডিজ,* **B3** *চারুকলা ইনস্টিটিউট,* **B4** *পালি,* **B5** *নাট্যকলা এবং* **B6** *সংস্কৃত,* **B8** *সংগীত বিভাগে এবং শিক্ষা অনুষদের* **(H Unit)** অন্তর্গত ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগে ভর্তিচ্ছুদের মাধ্যমিক বা সমমান এবং উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৫.২৫ থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫০ এবং উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.২৫ পেতে হবে।

উচ্চ মাধ্যমিক ব্যবসায় শিক্ষা/বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ আইইআরটি এর **B7C** *ব্যবসায় শিক্ষা*/**B7S** *বিজ্ঞান শাখায়* ভর্তিচ্ছুদের মাধ্যমিক বা সমমান ও উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.২৫ থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০০ এবং উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৭৫ পেতে হবে।

*বি: দ্র: **B2** থেকে **B8** পর্যন্ত ইউনিটের ভর্তি পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একজন শিক্ষার্থীর একাধিক ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ নেই।*

*সমাজ বিজ্ঞান অনুষদ* **(D Unit)**: এ অনুষদের অন্তর্গত বিভাগসমূহে ভর্তিচ্ছুদের মাধ্যমিক বা সমমান ও উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.০০ থাকতে হবে; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ২.৭৫ পেতে হবে।

*কোটা সম্পর্কিত তথ্য:* ভর্তি নির্দেশিকায় উল্লিখিত যোগ্যতাসম্পন্ন ছাত্র/ছাত্রীরা সকল অনুষদের অন্তর্গত বিভাগ/ইনস্টিটিউটে মুক্তিযোদ্ধা, উপজাতি, অ-উপজাতি, ওয়ার্ড এবং বিকেএসপি কোটায় ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে কলা ও মানববিদ্যা অনুষদ, সমাজ বিজ্ঞান অনুষদ ও জীব বিজ্ঞান অনুষদের অন্তর্গত বিভাগ এবং ইনস্টিটিউট অব মেরিন সায়েন্সেস এন্ড ফিশারিজ এ ভর্তির জন্য অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠি কোটায় এবং বিজ্ঞান অনুষদের অন্তর্গত গণিত/পরিসংখ্যান বিভাগে, কলা ও মানববিদ্যা অনুষদ, ব্যবসায় প্রশাসন অনুষদ, সমাজ বিজ্ঞান অনুষদ ও আইন অনুষদের অন্তর্গত বিভাগে শারীরিক প্রতিবন্ধী কোটায় এবং শিক্ষা অনুষদের অন্তর্গত ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগে পেশাদার খেলোয়াড় কোটায় ভর্তির জন্য আবেদন করা যাবে।

**O/A** *লেভেল ও দেশের বাহিরের শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক/উচ্চ মাধ্যমিকের সমমান পরীক্ষায় উত্তীর্ণদের ভর্তির যোগ্যতা :*

(ক) ২০১২ সালে বা তৎপরবর্তী সালে ন্যূনতম ২টি বিষয়ে 'বি' ও ৩টি বিষয়ে 'সি' গ্রেডসহ জিসিই 'ও' লেভেল পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ১টি বিষয়ে 'বি' গ্রেড ও ২টি বিষয়ে 'সি' গ্রেড পেয়ে শুধুমাত্র ২০১৫ বা ২০১৬ সালের জিসিই 'এ' লেভেল (বিজ্ঞান/বাণিজ্য শাখা) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা **B, C, D, E, H** ইউনিট এবং জিসিই 'এ' লেভেল (বিজ্ঞান শাখা) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা **A, F1, G, I, J** ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। এ ধরণের ভর্তিচ্ছুদের জন্য প্রযোজ্য অন্যান্য তথ্য চ.বি. ওয়েবসাইটে ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে।

(খ) দেশের বাহিরের কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে (ও/এ লেভেল ছাড়া) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইলে চ.বি. রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখায় *১৯ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের* মধ্যে যোগাযোগ করে তাদের সার্টিফিকেট সমতা/জিপিএ নির্ধারণ করে নিতে হবে। একাডেমিক শাখা কর্তৃক প্রদত্ত Equivalent ID মাধ্যমিক/উচ্চ মাধ্যমিকের রোল নম্বরের স্থানে ব্যবহার করে *২৫ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের* মধ্যে এসএমএস ভিত্তিক আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

(গ) O/A লেভেলের শিক্ষার্থী, দেশের বাহিরের কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ শিক্ষার্থী ও ইংরেজি মিডিয়ামে ভর্তি পরীক্ষা দিতে ইচ্ছুক শিক্ষার্থীদের সার্টিফিকেট সমতা/জিপিএ নির্ধারণ ও সিট প্ল্যান সম্পর্কে করণীয় তথ্যাদি চ.বি. ওয়েবসাইট থেকে পূর্ণাঙ্গ ভর্তি বিজ্ঞপ্তি ও ভর্তি নির্দেশিকা থেকে পাওয়া যাবে।

*শিক্ষা বোর্ডের* **Key Word**, *ইউনিটসমূহের* **Key Word** *ও কোটার* **Key Word** এবং অনুষদ/ইউনিটভুক্ত বিভাগ/বিষয়ের নাম বিস্তারিতভাবে চ.বি. ওয়েবসাইটে পাওয়া যাবে।

*আবেদনকারীকে চ.বি. ওয়েবসাইট* (**www.cu.ac.bd**) *থেকে পূর্ণাঙ্গ ভর্তি বিজ্ঞপ্তি ও ভর্তি নির্দেশিকা ডাউনলোড করে বিস্তারিত জেনে টেলিটক মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে হবে এবং যথাসময়ে অনলাইনে প্রবেশপত্র ডাউনলোড করে নিতে হবে।*

- ভর্তি পরীক্ষা এক ঘণ্টা ব্যাপী একশত নম্বরের এমসিকিউ (MCQ) পদ্ধতিতে গ্রহণ করা হবে। তবে চারুকলা ইনস্টিটিউট, নাট্যকলা, সংগীত এবং ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগের ভর্তি পরীক্ষা MCQ ও ব্যবহারিক পদ্ধতিতে নেয়া হবে।
- প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে মাধ্যমিকের মোট জিপিএ'র ৪০% ও উচ্চ মাধ্যমিকের মোট জিপিএ'র ৬০% যোগ করে মোট ১২০ নম্বরে ফলাফল চূড়ান্ত করা হবে।
- ভর্তির অন্যান্য যোগ্যতা, বিশেষ যোগ্যতা, কোটায় ভর্তি সংক্রান্ত তথ্যাদিসহ ভর্তি পরীক্ষা সম্পর্কিত যাবতীয় তথ্য চ.বি. ওয়েবসাইটে প্রচারিত পূর্ণাঙ্গ ভর্তি বিজ্ঞপ্তি ও ভর্তি নির্দেশিকা থেকে জানা যাবে।
- ভর্তি পরীক্ষার সময় প্রার্থীর দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড, A লেভেলের Statement of Entry এর মূলকপি এবং ডাউনলোডকৃত দুই কপি প্রবেশপত্র পরীক্ষার হলে নিয়ে আসতে হবে। ডাউনলোড করা প্রবেশপত্র, ছবিযুক্ত মূল রেজিস্ট্রেশন কার্ড অথবা Statement of Entry ছাড়া ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
- ভর্তি নির্দেশিকায় উল্লিখিত নিয়মাবলী ছাত্র/ছাত্রীদেরকে অনুসরণ করতে হবে। পূর্ণাঙ্গ ভর্তি বিজ্ঞপ্তি/ ভর্তি নির্দেশিকায় উল্লেখ নেই, ভর্তি সংক্রান্ত এমন কোন তথ্য জানতে হলে সংশ্লিষ্ট ইউনিট কার্যালয়ে/রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখায়/হেল্প লাইনে যোগাযোগ করতে হবে। ভর্তি সংক্রান্ত নিয়ম নীতির যে কোন ধারা ও উপ-ধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ২৩ অক্টোবর ২০১৬ তারিখ সকালে এ ইউনিট ও বিকেলে জে ইউনিট, ২৪ অক্টোবর ২০১৬ তারিখ সকালে জি ইউনিট ও বিকেলে আই ইউনিট, ২৫ অক্টোবর ২০১৬ তারিখ সকালে এফ১-৩ ইউনিট, ২৬ অক্টোবর ২০১৬ তারিখ সকালে বি১ ইউনিট, ২৭ অক্টোবর ২০১৬ তারিখ সকালে বি২ থেকে বি৮ ইউনিট ও বিকেলে এইচ ইউনিট, ২৯ অক্টোবর ২০১৬ তারিখ সকালে ই ইউনিট, ৩০ অক্টোবর ২০১৬ তারিখ সকালে ডি১-২ ইউনিট ও বিকেলে ডি৩ ইউনিট, ৩১ অক্টোবর ২০১৬ তারিখ সকালে সি১ ইউনিট ও বিকেলে সি২-৩ ইউনিট এর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

*হেল্প লাইন:(সকাল ৯:০০ টা থেকে বিকেল ৫:০০ টা পর্যন্ত )* **A Unit-01555555135, B Unit-01555555136, C Unit-01555555137, D Unit - 01555555138, E Unit - 01555555139, F Unit -01555555142, G Unit-01555555156, H Unit-01555555165, I Unit- 01555555140, J Unit-01555555141,**

*চ.বি. হটলাইন: (সকাল ৯:০০ টা থেকে বিকেল ৫:০০ টা পর্যন্ত)* **01555555157, 01556570088, 01556570077,**

*টেকনিক্যাল সাপোর্ট:* **01555555158**

**E-mail: dracademiccu@yahoo.com, dracademiccu2012@gmail.com**

*পূর্ণাঙ্গ ভর্তি বিজ্ঞপ্তি ও ভর্তি নির্দেশিকাসহ বিস্তারিত তথ্যাদি চ.বি. ওয়েবসাইটে* (**www.cu.ac.bd**) *পাওয়া যাবে।*

স্বাক্ষরিত-

(এস.এম.আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও
সচিব, ভর্তি কমিটি

স-২৩১২ (১৩×৪)